তারিখ 12 MAY 2015
পৃষ্ঠা 2 কলাম 1

যুগান্তর

হাইকোর্টের রুল

# বুয়েটের চার ছাত্রলীগ নেতাকে একাডেমিক সুবিধা দেয়ার নির্দেশ

যুগান্তর রিপোর্ট

ছাত্রলীগের বহিষ্কৃত চার নেতাকে পরীক্ষা ও ক্লাসে অংশ নেয়ার সুযোগসহ একাডেমিক সব ধরনের সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য বুয়েট (বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি) কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পৃথক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ সোমবার এ আদেশ দেন।

একাত্তরে মানবতাবিরোধী অপরাধের দায়ে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল কামারুজ্জামানের ফাঁসি কার্যকরের পর ১২ এপ্রিল ফেসবুকে 'আপত্তিকর' মন্তব্য করার অভিযোগে বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক জাহাঙ্গীর আলমকে নির্যাতন করে বুয়েট ছাত্রলীগ। ছাত্রলীগের নবগঠিত কমিটির সভাপতি শুভ্র জ্যোতি টিকাদার ও সাধারণ সম্পাদক আবু সাঈদ কনকের 'নেতৃত্বে' ওই শিক্ষককে বিভাগ থেকে ধরে এনে নির্যাতন চালানো হয়।

ওই ঘটনায় গঠিত তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে ২০ এপ্রিল বুয়েটের 'বোর্ড অব রেসিডেন্স অ্যান্ড ডিসিপ্লিন' ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র শুভ্র জ্যোতি টিকাদার ও আবু সাঈদ কনককে আজীবন বহিষ্কারের সিদ্ধান্ত নেয়। এছাড়া ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র প্রতীক দত্তকে দুই সেমিস্টার এবং কম্পিউটার সাইয়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র গোলাম সাকলাইন রাতুলকে আহসান উল্লাহ হল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়া হয়। এরপর ২ মে বুয়েটের একাডেমিক কাউন্সিল ওই বরখাস্তের সিদ্ধান্ত বহাল রাখে। এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে চার ছাত্রলীগ নেতা পৃথক রিট করেন।